

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৯৭
সোনামুড়া, ২৩ নভেম্বর, ২০২৩

বক্সনগর ব্লকভিত্তিক যুব উৎসব

বক্সনগর কমিউনিটি হলে আজ বক্সনগর ব্লকভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয়। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এবং বক্সনগর ব্লকের সহযোগিতায় প্রতিযোগিতামূলক এই যুব উৎসবের আয়োজন করা হয়। উৎসবের উদ্বোধন করেন বক্সনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় সরকার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বক্সনগর গ্রামপঞ্চায়েতের প্রধান নিরঞ্জন নমঃ। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বক্সনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান আরশাদ মিয়া ও বক্সনগর ব্লকের বিডিও অনিমেষ্ দেববর্মা। স্বাগত বক্তব্য রাখেন সোনামুড়া মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের শারীর শিক্ষক আবু তাহের। যুব উৎসবে বক্সনগর ব্লক এলাকার যুবারা লোকনৃত্য, লোকসংগীত, আবৃত্তি, এককনৃত্য প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন।
